



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৯৩

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৮

২৬ মে ২০২১

বিষয়: ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট হতে জারিকৃত সূচির চাল বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে প্রেরণ না হওয়ার কারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাটে আগত জাহাজ/বার্জ হতে দেশের বিভিন্ন স্থাপনায় চাহিদা মিটানোর লক্ষ্যে চালের চলাচল সূচি জারি করা হয়। বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে জরুরি বিলি বিতরণের জন্য চালের সূচি জারি করা হয়েছে। কিন্তু জারিকৃত সূচির চাল বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে না পৌঁছানোর কারণে বিলি বিতরণে জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, ৪ নং/৭ নং/ মহেশ্বরপাশা ঘাট হতে বিপুল পরিমাণ চালের সূচি জারির দীর্ঘদিন অতিবাহিত হওয়া সত্ত্বেও কেন এবং কী কারণে বরিশাল বিভাগে সূচিকৃত এলএসডিগুলোতে চাল পৌঁছানো সম্ভব হয়নি চলাচল সূচিভিত্তিক সন্তোষজনক ব্যাখ্যা আগামী ২৭/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৬-৫-২০২১

রেজা মোহাম্মদ মহসিন

অতিরিক্ত পরিচালক (চলাচল)

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের
কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৪৯৩/১(৮)

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৮

২৬ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



২৬-৫-২০২১

রেজা মোহাম্মদ মহসিন
অতিরিক্ত পরিচালক (চলাচল)